নিরাপদে আপনার আর্থিক একাউন্ট ব্যবহার করুন

এমন একটি পিন নম্বর বাছাই করুন যা আপনি কেবল জানেন



সর্বদা আপনার পিন নম্বরটি গোপন রাখুন

আপনার পিন নম্বরটি কখনই কারো সাথে শেয়ার করবেন না

জালিয়াতি কল সম্পর্কে সচেতন হন

কেউ যদি আপনার পিন নম্বর জিজ্ঞাসা করে কোনও কল করে থাকে তবে সাথে সাথে ফোন রেখে দিবেন, এমনকি যদি তারা বলে যে আপনার ব্যাঙ্ক থেকে কল করছে

আর্থিক পরিষেবাগুলি আপনার জন্যই

একটি ডিজিটাল একাউন্ট

নিরাপদ ও সহজ

- আপনি আপনার ফোন থেকে আপনার একাউন্টটি তে ঢুকতে পারবেন
- আপনি ডেবিট কার্ড ব্যবহার করতে পারবেন
- আপনি যেকোন সময় আপনার টাকা তুলতে পারবেন
- আপনি আপনার অর্থ ব্যাংকে সুরক্ষিত রাখতে পারেন

সুবিধাজনক



টাকা পাঠানো

বিল পরিশোধ করুন

কেনাকাটা করুন

মোবাইল টপ আপ

- আপনার একাউন্ট, আপনি প্রতি মাসে আপনার আয় এবং আপনার ব্যয়ের হিসাব রাখতে পারবেন এবং আপনার বেতনের উপর নিয়ন্ত্রণ রাখতে পারবেন
- একাউন্ট পরিচালনার খরচ এবং সীমার পরিমাণ আগে থেকেই জেনে নিন
- আপনার যদি কোনো সমস্যা হয় তবে আপনার কারখানার পরিচালকের সাথে যোগাযোগ করুন অথবা আপনার আর্থিক পরিষেবা সরবরাহকারীর সাথে যোগাযোগ করুন

"আমার নামে একটি ডিজিটাল একাউন্ট থাকায় তা আমাকে আমার আয় নিয়ন্ত্রণ করতে এবং সঞ্চয় করতে সহায়তা করে। এটির মাধ্যমে খুব সহজেই বাড়িতে টাকা পাঠানো যায়"

আর্থিক পরিকল্পনা

আপনার আর্থিক লক্ষ্য কি?



করণীয়

আপনার লক্ষ্য এবং সঞ্চয় নিয়ে আপনার পরিবারের সাথে আলোচনা করুন এবং একমত হন

আপনার ডিজিটাল একাউন্টে আপনার লক্ষ্য অনুযায়ী সঞ্চয় শুরু করুন এবং ব্যয় এর হিসাব রাখার জন্য আপনার একাউন্টের ব্যালেন্স দেখুন

"আমার লক্ষ্য আমার মেয়ে কলেজে যাবে। আমি আমার গ্রামে কিছু কৃষিজমিও কিনতে চাই। আমি আমার পরিবারের সাথে পরিকল্পনা করেছি যে আমাদের লক্ষ্যে পৌঁছানোর জন্য প্রতি মাসে কত টাকা সঞ্চয় করা দরকার"

কীভাবে বাজেট করবেন

	আইটেম	পরিমাণ
আয়	**মজুরি** আপনার মজুরি আপনার স্ত্রীর মজুরি **অন্যান্য আয়** কৃষি থেকে আয়	
ব্যয়	**প্রয়োজনীয় সেবা ও পণ্য** স্বাস্থ্যকর খাবার ভাড়া বিল ওষুধ স্কুলের ফি **অপ্রয়োজনীয় সেবা ও পণ্য** নাস্তা এবং মিষ্টি নতুন জামা	
ভারসাম্য	আয় বিয়োগ ব্যয়	

থেকে যাওয়া অর্থ = আপনার সঞ্চিত অর্থ

করণীয়

আপনার পরিবারের সাথে একটি বাজেট তৈরি করুন

প্রয়োজনীয় ব্যয়গুলিতে গুরুত্ব দিন এবং অপ্রয়োজনীয় ব্যয়গুলি হ্রাস করুন

আপনার সঞ্চয় আপনার আর্থিক একাউন্ট রাখুন

"আমি আমার বাজেট আমার পরিবারের সাথে তৈরি করেছি এবং আমরা অস্বাস্থ্যকর নাস্তা খাওয়া কমিয়ে আমাদের মেয়ের ভবিষ্যতে কলেজে পড়ার খরচের জন্য জমাতে পারছি"

আপনার প্রয়োজনীয় ব্যয়টিকে অগ্রাধিকার দিন

অপ্রয়োজনীয় ব্যয় হ্রাস করুন

সবাই সঞ্চয় করতে পারে, আজই শুরু করুন!

কেন আপনার সঞ্চয় করা উচিত?

- আপনার লক্ষ্যে পৌঁছানোর জন্য
- জরুরী পরিস্থিতিতে

কীভাবে সঞ্চয় করবেন?

- সিদ্ধান্ত নিন কত টাকা সঞ্চয় করবেন এবং এই পরিমাণটি নিয়মিত হারে জমাতে থাকুন
- আপনার যা প্রয়োজন কেবল তা নগদ করুন, বাকিটা আপনার একাউন্টে সঞ্চিত রাখুন

আপনার অর্থ নিরাপদে রাখুন

- সঞ্চয়ী হিসাব খুলুন এবং ব্যবহার করুন

"আমার মেয়েকে কলেজে পাঠানোর স্বপ্ন পূরণের জন্য প্রতি মাসে আমার ব্যাংক একাউন্টে ১০০০ টাকা সঞ্চয় করি"



দায়িত্বপূর্ণ ঋণ

- ঋণ নেওয়ার চেয়ে বড় ব্যয়ের কথা মাথায় রেখে সঞ্চয় করা ভাল
- আপনার যদি ঋণ নিতেই হয় তবে কেবল স্বনামধন্য উৎস থেকেই ঋণ গ্রহণ করুন। যেমনঃ ব্যাংক
- যদি আপনার কোনও ঋণের কিস্তি প্রদান ব্যহত হয় তবে এটি আপনার জন্য আরও বেশি বড় ব্যয়ের কারণ হয়ে দাঁড়াতে পারে

আপনার পরিবারের সাথে আর্থিক বিষয় নিয়ে আলোচনা করুন

যে পরিবার একসাথে অর্থ নিয়ে আলোচনা করে, তাদের আর্থিক লক্ষ্য অর্জনের সম্ভাবনা বেশি থাকে এবং তাদের মধ্যে সুসম্পর্ক বজায় থাকে

কার্যকরী যোগাযোগের উপায়

- অন্যের দৃষ্টিভঙ্গিকে সম্মান করুন
- আপনার সঙ্গীর কথা শুনুন
- একটি সাধারণ সমাধান খুঁজতে সমঝোতা করুন
- আত্মবিশ্বাসের সাথে আপনার অবস্থানটি বর্ণনা করুন
- চোখে চোখ রেখে কথা বলুন
- কথোপকথনে অন্যান্য বিষয়গুলি আনবেন না

"আগে আমরা টাকা খরচের ব্যাপারে অনেক তর্ক করতাম। যেহেতু আমরা আমাদের লক্ষ্যগুলোকে এক সাথে সাজাতে পেরেছি এবং সেই অনুযায়ী বাজেট শুরু করেছি, তাই এখন আমাদের সম্পর্কটা আরো ভালো হয়েছে”



আপনি যদি বাড়িতে সহিংসতার মুখোমুখি হন: দয়া করে পুলিশি সহায়তার জন্য ৯৯৯ নাম্বারে ফোন করুন বা নারীর প্রতি সহিংসতা প্রতিরোধের জন্য ১০৯ নাম্বারে ফোন করুন